

“জ্বালানী নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার”

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

এফ-১৮/এ, শের-ই বাংলা নগর, প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭।

www.gtcl.org.bd



মুজিব
শতবর্ষ
100

“দুনীতিকে না বলি, সুস্থ সমাজ গড়ে তুলি”

তারিখ : ২৪.০৩.২০২১

সূত্র নং-২৮.১৪.০০০০.১২৮.১১.০০৩.২১.১৪

নিয়োগ বিজ্ঞপ্তি

গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল)-এ নিম্নবর্ণিত শূন্যপদে সম্পূর্ণ অস্থায়ী ও চুক্তিভিত্তিক নিয়োগের নিমিত্ত নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন-স্কেল	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১।	কানুনগো (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে)	০১	গ্রেড-১৮ টাকা ১৬০০০-৩৮৬৪০/- সর্বমোট সম্মানী ভাতা ৬৮,৬৬৯/-	অনূর্ধ্ব ৬৫ বছর	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে ব্যাচেলর ডিগ্রি, কারিগরি শিক্ষাবোর্ডের অধীন সার্ভে ইনস্টিটিউট হতে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং (সার্ভিসিং টেকনোলজি) পাশ হতে হবে। কানুনগো হিসেবে অন্যান্য ১৫(পনের) বছরের কাজের অভিজ্ঞতা। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে কানুনগো হিসেবে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
২।	সার্ভেয়ার (সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে)	০২	গ্রেড-১৩ টাকা ১১০০০-২৬৫৯০/- সর্বমোট সম্মানী ভাতা ৫০,২১৪/-	অনূর্ধ্ব ৬৫ বছর	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সার্ভে ইন ডিপ্লোমা পাশ। সার্ভেয়ার হিসেবে অন্যান্য ১৫(পনের) বছরের কাজের অভিজ্ঞতা। সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হতে সার্ভেয়ার হিসেবে অবসরপ্রাপ্তদের অগ্রাধিকার দেয়া হবে।
৩।	চেইনম্যান (চুক্তিভিত্তিক)	০৪	গ্রেড-১৭ টাকা ৯০০০-২১৮০০/- সাক্ষ্য বেতন ১৬৫৫০/-	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে ০১(এক) বছর মেয়াদী সার্ভে বা আমিনশীপ কোর্সে উত্তীর্ণ। চেইনম্যান হিসেবে অন্যান্য ০১(এক) বছরের কাজের অভিজ্ঞতা। পেশাগত ক্ষেত্রে অধিক অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।

অন্যান্য শর্তাবলী:

১। আত্মহী চাকুরী প্রার্থীদের নিম্নবর্ণিত জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত এক পাতার ফরমে (কম্পিউটার টাইপ করে) আবেদন করতে হবে এবং আবেদনপত্রের সঙ্গে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মূল কপি ও ৪ (চার) কপি ৫×৫ সে.মি. সাইজের রঙিন ছবি ব্যতীত আর কোন কাগজপত্র জমা দিতে হবে না। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষার সময় আবেদন ফরমে বর্ণিত সকল তথ্যের সপক্ষে দলিলাদি/মূল সনদপত্র উপস্থাপন করতে হবে।

২। আবেদনকারীর বয়স:

(ক) ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত পদে ০১-০৩-২০২১ তারিখে সর্বোচ্চ ৬৫ (পঁয়ষট্টি) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) ক্রমিক নং ৩ এ উল্লিখিত পদে ০১-০৩-২০২১ তারিখে ন্যূনতম ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর এর মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে আবেদনকারী প্রার্থীর বয়স সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৩। আবেদনপত্র আগামী ১৯-০৪-২০২১ তারিখ বিকাল ৩:৩০ ঘটিকার মধ্যে “উপ-মহাব্যবস্থাপক (নিয়োগ ও প্রশিক্ষণ), গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড (জিটিসিএল), এফ-১৮/এ (লেভেল-৯), শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, আগারগাঁও, ঢাকা-১২০৭” ঠিকানায় ডাকযোগে পৌছাতে হবে। কোন অবস্থাতেই সরাসরি আবেদনপত্র গৃহীত হবে না। নির্দিষ্ট সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

৪। সরকারী/আধা-সরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। প্রার্থীদের লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

৬। প্রাথমিকভাবে নির্বাচনের লক্ষ্যে সংশ্লিষ্ট প্রার্থীদেরকে নির্বাচনী পরীক্ষার তারিখ, সময় ও স্থান যথাসময়ে অবহিত করা হবে।

৭। এ নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি মোতাবেক সকল প্রকার কোটা যথাযথভাবে অনুসরণ করা হবে।

৮। খামের উপর প্রার্থীর পদের নাম, নিজ জেলা এবং প্রযোজ্য ক্ষেত্রে কোটার নাম স্পষ্টাঙ্করে উল্লেখ করতে হবে।

৯। আবেদনপত্রের সঙ্গে ‘গ্যাস ট্রান্সমিশন কোম্পানী লিমিটেড’ এর অনুকূলে ১০০/- (একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে।

১০। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর সম্প্রতি তোলা ৪ (চার) কপি ৫×৫ সে.মি. সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

১১। আবেদনপত্রের সঙ্গে প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানা সংবলিত ১০(দশ) টাকার অব্যবহৃত ডাকটিকেটসহ ৯.৫×৪.৫ ইঞ্চি সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে।

১২। অসম্পূর্ণ/ভুল তথ্য সংবলিত/ ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রণীত ফরম ব্যতীত আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৪। কোনো প্রার্থীর নিয়োগ লাভের পর তার প্রদত্ত কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগ বাতিলসহ তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫। ক্রমিক নং ১ ও ২ এ উল্লিখিত পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ করা হবে। ক্রমিক নং ৩ এ উল্লিখিত পদে প্রাথমিকভাবে ১ (এক) বছরের জন্য চুক্তিভিত্তিক নিয়োগ করা হবে। তবে, সন্তোষজনক চাকুরী সাপেক্ষে চাকুরির মেয়াদ নবায়নযোগ্য।

১৬। নিয়োগের বিষয়ে কোনো প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

১৭। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৮। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ এ নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/বাতিল এবং পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করে। এ নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৯। এ নিয়োগ বিজ্ঞপ্তি জিটিসিএল এর ওয়েবসাইট (www.gtcl.org.bd)-এ পাওয়া যাবে। জিটিপিআর-৪১/২০-২১